IslamHouse.com 1437

আল-জি‘রানাহ

الجعرانة

<Bengal - বাঙালি - بنغالي >

একদল বিজ্ঞ আলেম

جماعة من العلماء

অনুবাদক : মুহাম্মাদ আব্দুর রব আফ্‌ফান
সম্পাদক : ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

ترجمة: محمد عبد الرب عفان
مراجعة: د/ أبو بكر محمد زكريا

4

আল-জি‘রানাহ

প্রথমত : জি‘রানার পরিচয় : শব্দটি আরবী الجعرانة ‘‘জীম’’ অক্ষর যের, আইন অক্ষর সকূন ‘‘রা’’ অক্ষরটি তাশদীদ ছাড়া। আবার কখনও প্রথম অক্ষর দু’টি যের ও ‘‘রা’’ কে তাশদীদসহ পড়া হয়। এটি মক্কা ও ত্বায়েফের মধ্যবর্তী একটি স্থান। তবে মক্কা থেকে নিকটতম। বর্তমানেও তা এ নামে প্রসিদ্ধ। এটি হারাম সীমানার বাইরে অবস্থিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এখানেই হুনাইন যুদ্ধের গণীমতের মাল বণ্টন করেন। এখানে একটি মসজিদ রয়েছে যা ‘‘মসজিদে জি‘রানাহ’’ নামে পরিচিত। জি‘রানাহ মক্কার হারাম মসজিদ থেকে প্রায় ২২ কিলোমিটার দূরে অবস্থিত।[1]

দ্বিতীয়ত : জি‘রানার হাকীকত : হজ ও যিয়ারতকারীগণ সাধারণত সেখানকার মসজিদ, কূপ ও কবরস্থানের উদ্দেশ্যে গিয়ে থাকেন। নিম্নে সেগুলোর রহস্য স্পষ্টভাবে তুলে ধরা হলো :

(১) মসজিদে জি‘রানা : মসজিদটি পবিত্র মক্কা থেকে উত্তর পূর্বাংশে ত্বায়েফ (সায়েল) রোডের দিকে রোড থেকে ৯.৫ কিলোমিটার দূরে অবস্থিত। মক্কা বিজয়ের বছর ত্বায়েফ যুদ্ধ থেকে ফিরার পর যিলকদ মাসের বার রাত যখন অবশিষ্ট, মঙ্গলবার দিবাগত রাত যে স্থান থেকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উমরার ইহরাম বাঁধেন, মসজিদটি সে স্থানে নির্মিত। বহুবার এটির সংস্কার হয়।

আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন :

«اعْتَمَرَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنَ الجِعْرَانَةِ، حَيْثُ قَسَمَ غَنَائِمَ حُنَيْنٍ»

“নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জি‘রানাহ থেকে ইহরাম বাঁধেন যেখানে তিনি হুনাইন যুদ্ধের গণীমতের মাল বণ্টন করেন।”[2]

মেহরাশ আল-কাবী থেকে বর্ণিত, তিনি বলেন,

«دَخَلَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ الْجِعْرَانَةِ فَجَاءَ إِلَى الْمَسْجِدِ فَرَكَعَ مَا شَاءَ اللَّهُ، ثُمَّ أَحْرَمَ، ثُمَّ اسْتَوَى عَلَى رَاحِلَتِهِ فَاسْتَقْبَلَ بَطْنَ سَرِفَ حَتَّى لَقِيَ طَرِيقَ الْمَدِينَةِ فَأَصْبَحَ بِمَكَّةَ كَبَائِتٍ»

“নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জি‘রানাহ প্রবেশ করেন। অতঃপর মসজিদে আগমন করে আল্লাহ যে পরিমাণ তাওফীক দান করেন সালাত আদায় করেন। তারপর ইহরাম বেঁধে স্বীয় সাওয়ারীতে আসন গ্রহণ করেন ও বাতনে সারাফ অভিমুখী হন।”[3]

(২) জি‘রানাহ কূপ : এটি এমন একটি কূপ, বলা হয় তার পানি অতি মিষ্ট। বর্ণিত আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামই তাঁর হাত মুবারক দ্বারা পানির স্থান নির্ণয় করেন। কথিত আছে যে, তিনি তাঁর বর্শা দ্বারা আঘাত করলে সেখান থেকে পানি বের হতে থাকে। ফলে তিনি তা হতে পান করেন এবং লোকেরাও তৃপ্ত হয়।[4]

---

[1] মু‘জামুল বুলদান : ১/১৪২; আল-কামূসুল মুহীত : ৩৪৩ পৃ.; আন-নেহায়া : ১/২৬৯; তারীখে মক্কা : ১০৫ পৃ. ইত্যাদি।
[2] সহীহ বুখারী : ৪/৭৩, ৩০৬৬ G
[3] আবু দাউদ: ২/২০৬, ১৯৯৬, আলবানী রহ. সহীহ বলেছেন।
[4] আল-ফাকেহীর আখবার মক্কা : ৫/৬৯ ইত্যাদি।

IslamHouse.com

[illegible]

(ক) [illegible]: [illegible] [illegible] [illegible]

[illegible]